



নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৬.১৫/ ১৪০ (১১)

তারিখ: ২৩/১০/২০২০
২৪/১২/২০২০

বিষয়: সরকারি ও বেসরকারি কলেজে কর্মরত ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য ৫৭তম কমিউনিকোটিভ ইংলিশ কোর্স-এ মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ২০ পৌষ থেকে ১০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ/০৪-০১-২০২২ থেকে ২৪-০১-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত সরকারি ও বেসরকারি কলেজে কর্মরত ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য রেভেড পদ্ধতিতে ৫৭তম কমিউনিকোটিভ ইংলিশ কোর্স অনুষ্ঠিত হবে। কোর্সটি রেভেড পদ্ধতিতে হওয়ায় ০৪-০১-২০২২খ্রিঃ হতে ১৪-০১-২০২২ খ্রিঃ পর্যন্ত অনলাইনে এবং ১৫-০১-২০২২ খ্রিঃ হতে ২৪-০১-২০২২ খ্রিঃ পর্যন্ত নায়েম ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন জেলাসমূহের উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইংরেজি বিষয়ের ০৪ (চার) জন প্রভাষক প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীগণের নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম এবং তাঁদের ব্যক্তিগত মোবাইল নম্বরসহ তালিকা আগামী ৩০ ডিসেম্বর (বৃহস্পতিবার) ২০২১ (১৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ)-এর মধ্যে কোর্স পরিচালক জনাব মো: মাহমুদুল আমিন, প্রশিক্ষণ বিশেষজ্ঞ (০১৮১৯-৪৭৬৩১২, e-mail: aupumahmud9@gmail.com) -এ প্রেরণ করতে হবে। মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

১. প্রশিক্ষণার্থীগণ ০১-০১-২০২২ খ্রিঃ তারিখ রাত্রি ১০ ঘটিকার পূর্বে নায়েম ওয়েব সাইটে www.naem.gov.bd -এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর > অনলাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদানের বিষয়টি নিশ্চিত করবেন।
২. বেসরকারি কলেজে কর্মরত প্রভাষকগণকে অবশ্যই এমপিওছুক্ত ও ইনডেক্স নম্বর প্রাপ্ত হতে হবে।
৩. Zoom App-এর মাধ্যমে প্রশিক্ষণ কোর্সটি পরিচালিত হবে বিধায় প্রশিক্ষণার্থীদের ল্যাপটপ থাকা আবশ্যিক এবং ল্যাপটপে Zoom App ইনস্টল করতে হবে। অধিবেশন চলাকালে সার্বজনিক ডিভিও অন রাখা বাধ্যতামূলক। মোবাইলের এর মাধ্যমে সেশনে অংশগ্রহণের সুযোগ নেই।
৪. প্রশিক্ষণার্থীগণ আগামী ০৪ জানুয়ারি ২০২২ তারিখ সকাল ০৯:৩০ মিনিটে Zoom App-এর মাধ্যমে উল্লিখিত কোর্সে সংযুক্ত হবেন। অধিবেশনে যুক্ত হওয়ার পূর্বে প্রত্যেক প্রশিক্ষণার্থী মিটিং আইডি ও পাসওয়ার্ড প্রাপ্ত হবেন।
৫. মনোনীত প্রশিক্ষণার্থীকে অনলাইন পর্ব শেষে ১৫-০১-২০২২ খ্রিঃ নায়েমে রিপোর্ট করতে হবে।
৬. প্রশিক্ষণার্থীগণকে একাদশ-দ্বাদশ শ্রেণির English for Today, ব্যক্তিগত ল্যাপটপ, যে কোনো English to English Dictionary, সর্বশেষ MPO-এর কপি (বেসরকারি প্রতিষ্ঠানের প্রভাষকের ক্ষেত্রে), পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, Education Institute Identification Number (EIIN) ও E-mail ID সঙ্গে আনতে হবে।
৭. আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে।
৮. প্রশিক্ষণার্থীগণকে খাওয়া ও শিক্ষা সফরের খরচ সংকুলানের জন্য আনুমানিক জনপ্রতি ২০,০০০/- (বিশ হাজার টাকা) সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০. ১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রিঃ অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক।
১০. আমন্ত্রণপত্রটি নায়েম-এর ওয়েবসাইটে (www.naem.gov.bd) পাওয়া যাবে।
১১. এই কোর্স সংক্রান্ত কোনো বিষয় জানতে কোর্স সমন্বয়ক জনাব শামসুন আক্তার সিদ্দিকী, প্রশিক্ষণ বিশেষজ্ঞ (০১৩১২-৭১১৯৭৭) অথবা জনাব শামীম মাহবুব, প্রশিক্ষণ বিশেষজ্ঞ (০১৭৯০-২৪৮৯৯০) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
১২. যিনি এই কোর্সে অংশগ্রহণের জন্য বিবেচ্য হবেন না;
(ক) পূর্বে নায়েম পরিচালিত অনুরূপ প্রশিক্ষণ কোর্সে যিনি অংশগ্রহণ করেছেন, (খ) যাদের বয়স ৫৭ বৎসর অতিক্রম করেছেন ও (গ) যিনি বিগত এক বছরের মধ্যে (FTC, ERM ব্যতিত) অন্য কোনো প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন।

প্রাপক:
আক্ষয়িক পরিচালক
সকল অফিস

(প্রফেসর ড. তাহসিনা আক্তার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম

নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৬.১৫/ ১৪০/১১(১৩)

তারিখ: ২৩/১০/২০২০
২৪/১২/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা ভবন, ঢাকা;
- ২-৪. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৫-৭. উপপরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
০৯. প্রোগ্রামার, নায়েম (তাকে আমন্ত্রণ পত্র এবং তালিকা নায়েম ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
১০. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
১১. সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট, নায়েম, ঢাকা;
১২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
১৩. অফিস নথি।

(মো: মাহমুদুল আমিন)

প্রশিক্ষণ বিশেষজ্ঞ (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)

কোর্স পরিচালক
৫৭তম কমিউনিকোটিভ ইংলিশ কোর্স
ফোন: ০১৮১৯-৪৭৬৩১২